324

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... APR. 2.. 1999.. ..
পৃঃ ५ কলাম ৩

## শিক্ষা ক্ষেত্রের কলঙ্কিত ভূমিকা

জাতীয় শিক্ষা কমিশনের রিপোর্টে একটি কথা পরিষ্কারভাবে বলা হয়েছে যে, "জাতীয় বিশ্ববিদ্যালয় দেশের শিক্ষা ব্যবস্থা ধ্বংস করছে।" এছাড়াও প্রায় প্রতিদিন পত্রপত্রিকায় ছাত্রছাত্রীরা এই বিশ্ববিদ্যালয় সম্পর্কে নানান অভিযোগ উত্থাপন করছে। ফলাফল দেরিতে প্রকাশ, পরীক্ষা বার বার পিছানো- এসব এখন স্বাভাবিক ব্যাপার। তবে শিক্ষা ব্যবস্থা ধ্বংসের সবচেয়ে গুরুতর অভিযোগটি হচ্ছে- কোন রকম বাছবিচার না করে যেখানে সেখানে অনার্স ও মাস্টার্স খুলে দেয়া। উদাহরণ হিসাবে আমাদের কাছাকাছি একটি কলেজের কথা বলব-নাম যার 'কয়েলগাছা কলেজ'- যাকে বলা হয় এই অঞ্চলের নকলের আড়তখানা। সেখানে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মাস্টার্স খোলার অনুমতি দিয়েছে। এছাড়া আমাদের বাড়ির পাশের কলেজ-এতে প্রায় প্রতিবছর বিভিন্ন পরীক্ষায় চলে নকলের মহোৎসব। এখানে এবার থেকে নয় বিষয়ে অনার্স খোলা হবে। 'সম্মানকে করা হবে অসম্মান'। অথচ এখানে অনার্সে পড়ানোর মতো না আছে কোন শিক্ষক না আছে ইনস্ট্রুমেন্ট। বিশ্ববিদ্যালয় কেন এমন করছে তা আমাদের জানা নেই। তবে এমন শিক্ষা ব্যবস্থা কারও কাম্য নয়। তাই জাতীয় বিশ্ববিদ্যালয়কে বলছি, "উচ্চ শিক্ষার প্রসার ঘটাতে অনার্স-মাস্টার্স খোলা হবে ভাল কথা তবে তা সম্পূর্ণ নকলমুক্ত এবং এগুলোতে পড়ানোর মতো প্রয়োজনীয় শিক্ষক ও ইনস্ট্রুমেন্ট রয়েছে, এমন পরিচ্ছন্ন কলেজে খুলুন। অনার্স-মাস্টার্স হলো উচ্চশিক্ষার প্রধান বাহন। এগুলোকে নকলের কালিমা মাখালে শিক্ষা ব্যবস্থাই কলঙ্কিত হবে।

*মোঃ আবু মুসা*
পশ্চিমগাঁও, লাকসাম, কুমিল্লা।